



সমৃদ্ধ হোক গ্রন্থাগার  
এই আমাদের অঙ্গীকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, গণগ্রন্থাগার অধিদপ্তর  
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, চট্টগ্রাম  
পরিচালকের দপ্তর  
publiclibrary.chittagongdiv.gov.bd



নম্বর: ৪৩.২৬.১৫০০.০০০.০০২.২৩.০০০৩.২৫.৫৭

তারিখ: ২৪ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ  
০৭ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

### বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: বাংলা নববর্ষ ১৪৩২ উপলক্ষে বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, চট্টগ্রাম এ রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা।

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন ও গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, চট্টগ্রাম এ বাংলা নববর্ষ ১৪৩২ উপলক্ষে রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। নিম্নে বর্ণিত যোগ্যতা অনুযায়ী সকলকে প্রতিযোগিতায় অংশগ্রহণের আহ্বান জানানো হলো:

#### ক) রচনা প্রতিযোগিতা:

ক্র.	গ্রুপ	শ্রেণি	রচনার বিষয়	শব্দসীমা	প্রতিযোগিতার স্থান ও সময়
১.	ক	পঞ্চম-অষ্টম	বৈশাখী মেলা	৮০০	১৯-০৪-২০২৫ বিকাল ২-৩টা সরাসরি বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, চট্টগ্রামে উপস্থিত হয়ে নির্ধারিত সময়ের মধ্যে রচনা লিখতে হবে। বাসায় রচনা লিখে নিয়ে এসে জমা দিলে গ্রহণযোগ্য হবে না।
২.	খ	নবম-দ্বাদশ	উৎসবে, আনন্দে বর্ষবরণ	১০০০	
৩.	গ	স্নাতক- স্নাতকোত্তর/সর্বসাধারণ	বাংলা সংস্কৃতির বিকাশে বাংলা নববর্ষের প্রভাব	১২০০	

#### খ) চিত্রাঙ্কন প্রতিযোগিতা:

ক্র.	গ্রুপ	শ্রেণি	বিষয়	প্রতিযোগিতা তারিখ, সময় ও স্থান
১.	ক	শিশু-২য়	উন্মুক্ত	১৯-০৪-২০২৫ খ্রি. বিকাল ৩.৩০- ০৪.৩০টা পর্যন্ত বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, চট্টগ্রামে সরাসরি উপস্থিত হয়ে অংশগ্রহণ করতে হবে।
২.	খ	৩য়-৫ম		
৩.	গ	৬ষ্ঠ-৭ম		

#### শর্তাবলি:

০১. রচনা প্রতিযোগিতার সাদা কাগজ গ্রন্থাগার থেকে সরবরাহ করা হবে। কলমসহ অন্যান্য সরঞ্জাম প্রতিযোগীকে সঙ্গে করে নিয়ে আসতে হবে।
০২. রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য শিক্ষার্থী হলে অবশ্যই শিক্ষার্থী স্টুডেন্ট আইডি কার্ড/স্কুল কর্তৃক ২০২৫ সনে প্রদেয় প্রত্যয়ন পত্র/শিক্ষার্থীর ভর্তি রশিদের ফটোকপি এবং অন্যান্যদের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সঙ্গে করে নিয়ে আসতে হবে।
০৩. চিত্রাঙ্কন প্রতিযোগিতায় শুধুমাত্র আর্ট পেপার দেয়া হবে। অন্যান্য অংকন সরঞ্জাম সঙ্গে করে নিয়ে আসতে হবে।
০৪. প্রতিযোগিতায় প্রতিযোগীর নাম, পিতা ও মাতার নাম, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, সচল মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
০৫. প্রতিযোগিতা সংক্রান্ত যে কোন প্রয়োজনে ০১৮১৬-৭৫১৭৩৭; ০১৭৬৫-৬৩২৩০৫ ০১৭২১-৪১৮৫০৯; ০১৩৩২-৮৪৫৭৩৯; এবং ০১৯১২-৪২৬৮১২ নম্বরসমূহে অফিস চলাকালীন (শনি-বুধবার সকাল ৯টা-বিকাল ৪টা) সময়ে যোগাযোগ করা যাবে।



০৭-০৪-২০২৫

মোঃ মাসুদ রানা

সহকারী পরিচালক

০২৩৩৩৩৮৮৭০০

dgplchittagong@gmail.com

মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, গণগ্রন্থাগার অধিদপ্তর।

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।
- ২। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, চট্টগ্রাম (আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৩। সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (ফটিন দায়িত্ব), জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, চট্টগ্রাম (আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ৪। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, জেলা শিশু একাডেমী, জেলা শিশু একাডেমী, চট্টগ্রাম।
- ৫। জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি, চট্টগ্রাম।
- ৬। সহকারী প্রোগ্রামার, পরিচালকের দপ্তর, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, চট্টগ্রাম (ওয়েবসাইট প্রকাশ ও ইমেইলে প্রেরণের অনুরোধসহ)।
- ৭। সহকারী তথ্য অফিসার, তথ্য অফিসারের দপ্তর, জেলা তথ্য অফিস, চট্টগ্রাম।
- ৮। প্রাপক: রেজিস্ট্রার/অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক/পরিচালক/সম্পাদক,

.....চট্টগ্রাম

(শিক্ষার্থীদের অবহিতকরণের অনুরোধসহ)।

